৭/৮/২০০৭

তারিখ ........
পৃষ্ঠা [illegible] ... কলাম ... ৬.....

দৈনিক ইনকিলাব

# ঢাবি কর্তৃপক্ষের আলোচনা পর্ব শেষ হলেও ছাত্র ধর্মঘট অবসানের লক্ষণ নেই

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিরাজমান অচলাবস্থা নিরসনে কর্তৃপক্ষের সাথে ছাত্র সংগঠনসমূহের সাথে আলোচনা পর্ব শেষ হলেও ছাত্রদলের ডাকা ছাত্র ধর্মঘটের অবসানের ব্যাপারে এখনো অনিশ্চয়তা রয়ে গেছে। গতকাল (সোমবার) ছাত্র ধর্মঘটের নবম দিনে কর্তৃপক্ষ বাম ছাত্র সংগঠনসমূহের সাথে আলোচনা করেন। আলোচনার বিষয়বস্তু নিয়ে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটে বিস্তারিত পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে জানা গেছে। গতকাল ছাত্র ধর্মঘটের সমর্থনে ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে।

গতকাল ছাত্র সংগঠনসমূহের আলোচনার শেষদিনে বাম ছাত্র সংগঠনের জোট গণতান্ত্রিক ছাত্র ঐক্য, বিপ্লবী ছাত্র মৈত্রী, জাতীয় ছাত্রদল ও বিপ্লবী ছাত্রসংঘ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট কমিটির সাথে পৃথক পৃথকভাবে আলোচনা করে। বৈঠকে বাম ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাস ও বহিরাগতমুক্ত করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার ব্যাপারে কর্তৃপক্ষের নিকট নানা প্রস্তাব পেশ করেন। নেতৃবৃন্দ ছাত্রদল ও ছাত্রলীগের মাঝে হল ভাগাভাগির তীব্র বিরোধিতা করেন। ছাত্র ইউনিয়নের সভাপতি হাসান তারিক চৌধুরী সোহেল, ছাত্র মৈত্রীর সভাপতি দীপংকর সাহা দীপু এ সময় উপস্থিত ছিলেন। এর আগে গত শনিবার ছাত্রদল ও ছাত্রলীগের সাথে কর্তৃপক্ষ আলোচনা করে। তবে ছাত্র সংগঠনসমূহ, বিশেষ করে ছাত্রদলের দাবীর ব্যাপারে কর্তৃপক্ষ এখনো কোন সিদ্ধান্তে পৌঁছতে না পারায় ছাত্র ধর্মঘট আরো কয়েকদিন অব্যাহত থাকার সম্ভাবনা দেখা দিয়েছে। গতকাল তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার সাথে সাক্ষাৎ করলে তিনিও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসিকে সিন্ডিকেট সদস্যদের সাথে আলোচনা করে অচলাবস্থা নিরসনের ব্যাপারে পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন।

ছাত্র ধর্মঘটের সমর্থনে গতকাল ছাত্রদলের মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে কলাভবনের গেটে সমাবেশে মিলিত হয়। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সিনিয়র সহ-সভাপতি হায়দার আলী লেলিনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সংসদের সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু, সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর-ই-এলাহী, সাংগঠনিক সম্পাদক এবিএম মোশাররফ হোসেন, রেহেনা আক্তার রানু, আলী আসরাফ, সুলতান সালাউদ্দিন টুকু, শফিউল বারী বাবু, সেলিমুজ্জামান সেলিম, মোস্তাফিজুল ইসলাম মামুন, ফরহাদ হোসেন আজাদ, শামসুজ্জামান মেহেদি, মীর কায়েস লিতু, রেজা পাহলভী মাসুম, আসাদুজ্জামান আসাদ, মাজহারুল ইসলাম বাবু, জিয়াউদ্দিন বিপ্লব, ওমর ফারুক সাফিন, সাইফুল ইসলাম ফিরোজ, আতিকুর রহমান আতিক, হালিমা খানম লুচি, বিল্লাল হোসেন তারেক প্রমুখ। সমাবেশে সাহাবুদ্দীন লাল্টু ভিসিকে উদ্দেশ করে বলেন, অবিলম্বে ছাত্রদলের দাবীনামা মেনে নিন, অন্যথায় দাবী কিভাবে আদায় করতে হয় সেই কৌশল ছাত্রদল জানে। বুকের রক্ত দিয়ে হলেও ছাত্রদল তাদের দাবী আদায় করবে।

মঞ্জুর-ই-এলাহী বলেন, আগামী দুই-তিন দিনের মধ্যে ছাত্রদলের দাবীনামা যদি মেনে নেয়া না হয়, তাহলে পাঁচদফা দাবী ভিসির পদত্যাগের এক দফা দাবীতে পরিণত হবে।